জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
www.janatabank-bd.com

হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট
ফোন: ৯৫৫২০৭৮, ৯৫৬৫০৪৪

তথ্য বিজ্ঞপ্তি নং: ২১৮ /১৯

তারিখ : ২৭ জানুয়ারি, ২০১৯ ইং
১৪ মাঘ, ১৪২৫ বাংলা

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি/ সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: জনতা ব্যাংক লিমিটেড-এর বিভিন্ন গ্রেডের শাখার মানোন্নয়ন,'এন্টি মানিলন্ডারিং' নামে একটি নতুন ডিপার্টমেন্ট সৃষ্টি এবং বিভিন্ন গ্রেডে পদ বৃদ্ধির প্রেক্ষিতে 'অর্গানোগ্রাম- ২০১৮' এর সংশোধনী অনুমোদন প্রসংগে।

মহোদয়

নির্দেশ বিজ্ঞপ্তি নং ১০২/০৮ তারিখ: ২২-১২-২০০৮, তথ্য বিজ্ঞপ্তি নং ১০৮/১১ তারিখ: ২৭-০৭-২০১১, তথ্য বিজ্ঞপ্তি নং ১১৪/১২ তারিখ: ০৩-০১-২০১২, তথ্য বিজ্ঞপ্তি নং ১২১/১২ তারিখ: ২৭-০৬-২০১২, তথ্য বিজ্ঞপ্তি নং ১২৯/১২ তারিখ: ১৮-১০-২০১২, তথ্য বিজ্ঞপ্তি নং ১৩৭/১৩ তারিখ: ২২-০৮-২০১৩, তথ্য বিজ্ঞপ্তি নং ১৪৮/১৪ তারিখ: ১১-০৫-২০১৪, নির্দেশ বিজ্ঞপ্তি নং ৬১৫/১৫ তারিখ: ২২-০৬-২০১৫, তথ্য বিজ্ঞপ্তি নং- ১৮২/১৫ তারিখ: ২৫-১১-২০১৫, তথ্য বিজ্ঞপ্তি নং ১৯২/১৬ তারিখ: ১৯-০৭-২০১৬, তথ্য বিজ্ঞপ্তি নং ১৯৬/১৭ তারিখ: ১৯-০২-২০১৭, তথ্য বিজ্ঞপ্তি নং ৭৪৪/১৭ তারিখ: ১৪-০৫-২০১৭, তথ্য বিজ্ঞপ্তি নং ২০১/১৭ তারিখ: ১৪-০৬-২০১৭ এবং তথ্য বিজ্ঞপ্তি নং ২১৩/১৮ তারিখ: ০৯-০৮-২০১৮ এর সূত্র অনুসরণ করা হলো ।

সংশ্লিষ্ট সকলের কার্যার্থে জানানো যাচ্ছে যে, মানব সম্পদ সুষমকরণ ও যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে ব্যাংকের ব্যবসা, সেবার মান ও জনবলের দক্ষতা বৃদ্ধিসহ সময়ের আবর্তে ব্যাংক ব্যবসার কলেবর বৃদ্ধির প্রেক্ষিতে ব্যাংকের অফিস/শাখাসমূহের মানোন্নয়ন ও জনবল বৃদ্ধি প্রয়োজন। সে ধারাবাহিকতায় জনতা ব্যাংক লিমিটেড-এর কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও শক্তিশালীকরণসহ ভবিষ্যৎ সম্ভাবনা বিবেচনা করে গত ২৪/১২/২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৫২-তম সভায় নিম্নোক্ত বিষয়সমূহ অনুমোদন করা হয়েছে:

০১। প্রধান কার্যালয়ে এন্টি মানি লন্ডারিং ডিপার্টমেন্ট সৃষ্টি:
বাংলাদেশ ব্যাংকের বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের বিএফআইইউ সার্কুলার নং-১৯; তারিখ: ১৭-০৯-২০১৭ এর ১ নং অনুচ্ছেদের ১.৩ নং উপ অনুচ্ছেদের ১ এর (খ) নং ক্রমে বর্ণিত নির্দেশনা অনুসারে অত্র ব্যাংকের জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্টের অন্তর্গত এন্টি মানি লন্ডারিং সেকশনকে পূর্ণাঙ্গ ডিপার্টমেন্ট হিসাবে ' এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্ট' নামে একটি নতুন ডিপার্টমেন্ট সৃষ্টির অনুমোদন দেয়া হয়েছে। নবসৃষ্ট 'এন্টি মানি লন্ডারিং ডিপার্টমেন্ট'-এর কার্য পরিধি **পরিশিষ্ট -'ক'** এ বর্ণিত হলো।

০২। মাঠ পর্যায়ের শাখাসমূহের পারফরমেন্স এর ভিত্তিতে অফিস/শাখার মানোন্নয়নের কার্যক্রম নীতিমালা অনুসারে প্রতিবছরেই সম্পন্ন করা হয়। সে মোতাবেক চলতি বছরে (২০১৮) মোট ৮ টি গ্রেড-৪ শাখাকে গ্রেড-৩ শাখায়, ১০টি গ্রেড-৩ শাখাকে গ্রেড-২ শাখায় এবং ৯ টি গ্রেড-২ শাখাকে গ্রেড-১ শাখায় উন্নীতকরণের অনুমোদন দেয়া হয়েছে , যার তালিকা **পরিশিষ্ট -'খ'** এ সংযুক্ত করা হলো ।

এ তথ্য বিজ্ঞপ্তি অবিলম্বে কার্যকর হবে।

মোস্তফা ছাইফুল হক
উপ-মহাব্যবস্থাপক

শহীদুল ইসলাম
মহাব্যবস্থাপক

**জনতা ব্যাংক লিমিটেড**
**এন্টি মানিলন্ডারিং ডিপার্টমেন্ট**
**প্রধান কার্যালয়, ঢাকা।**

## কার্য পরিধি (Job Description)

**প্রশাসন ও জেনারেল**

১. মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংকের বিভিন্ন স্তরের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে বছরের শুরুতে সিইও এন্ড এমডি মহোদয়ের স্বাক্ষরে নির্দেশনামূলক পত্র প্রদান।

২. মানিলন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে অত্র ব্যাংকের করণীয় সম্পর্কিত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

৩. বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর নির্দেশনা মোতাবেক নিম্নোক্ত নীতিমালাসমূহ প্রণয়ন, ব্যাংকের সর্বস্তরে অবহিতকরণ এবং শাখা পর্যায়ে বাস্তবায়ন পর্যবেক্ষণ করা এবং সময়ে সময়ে তা হালনাগাদ করা:
   - গ্রাহক নির্বাচন নীতিমালা,
   - মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন্স, এবং
   - মানিলন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা।

৪. বিএফআইইউ কর্তৃক জারীকৃত মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সার্কুলার/সার্কুলার লেটার ইস্যু করা।

৫. মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিএফআইইউ কর্তৃক নির্দেশিত বিভিন্ন কমিটি গঠন, গঠিত কমিটিসমূহের সভা আয়োজন এবং সে মোতাবেক বিভিন্ন কার্য পরিচালনা করা।

৬. অত্র ব্যাংকের শাখাসমূহে একজন করে অভিজ্ঞ শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (BAMLCO) মনোনয়ন এবং প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) এর স্বাক্ষরে শাখাসমূহে BAMLCO এর কার্যপরিধি উল্লেখপূর্বক অফিস অর্ডার প্রেরণ এবং তাদের কার্যাদি তদারকি করা।

৭. সকল শাখার গ্রাহকগণের জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের জন্য নির্বাচন কমিশনের সাথে MoU ব্যবস্থাপনা, শাখাসমূহের জন্য ইউজার আইডি তৈরি এবং শাখা সমূহ কর্তৃক এনআইডি যাচাইয়ের ফি নির্বাচন কমিশনকে পরিশোধ করা।

৮. মানিলন্ডারিং প্রতিরোধ (AML) ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ (CFT) এবং বাণিজ্যভিত্তিক মানিলন্ডারিং প্রতিরোধ (TBML) সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা।

৯. জনতা ব্যাংক স্টাফ কলেজ সমূহকে AML/CFT/TBML সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ করা।

১০. বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) কর্তৃক আয়োজিত সেমিনারে অংশ গ্রহণ করা।

১১. প্রধান কার্যালয় হতে কেন্দ্রীয়ভাবে শাখাসমূহের সকল হিসাবের লেনদেন মনিটরিং করা।

১২. প্রধান কার্যালয় হতে কেন্দ্রীয়ভাবে AD শাখাসমূহের বাণিজ্যভিত্তিক মানিলন্ডারিং প্রতিরোধ কার্যক্রম মনিটর করা।

**বিবরণী প্রেরণ সংক্রান্ত**

১. শাখাসমূহ কর্তৃক প্রেরিত CTR ও STR বিশ্লেষণ ও পর্যালোচনা এবং বিএফআইইউ এ প্রেরণ করা।

২. শাখাসমূহ কর্তৃক স্ব-নির্ধারণী পদ্ধতিতে নিজস্ব অবস্থান নির্ণয় সংক্রান্ত ষান্মাসিক বিবরণী শাখাসমূহ হতে সংগ্রহ, বিশ্লেষণ, পর্যালোচনা ও দুর্বলতাসমূহ চিহ্নিত করে সারসংক্ষেপ প্রস্তুতপূর্বক অত্র ব্যাংকের সিইও এন্ড এমডি মহোদয়ের অনুমোদনক্রমে বিএফআইইউ এ প্রেরণ এবং দূর্বল চিহ্নিত শাখাসমূহকে উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

৩. অডিট ডিপার্টমেন্টসমূহ কর্তৃক সম্পাদিত Independent Testing Procedure পর্যালোচনা ও প্রতিবেদন প্রস্তুত এবং সিইও এন্ড এমডি মহোদয়ের অনুমোদন গ্রহণ সাপেক্ষে বিএফআইইউ এ প্রেরণ করা।

৪. বিএফআইইউ এর চাহিদা মোতাবেক শাখাসমূহ হতে গ্রাহকগণের তথ্য সংগ্রহপূর্বক প্রেরণ করা।

৫. বিএফআইইউ এর চাহিদা মোতাবেক নির্দেশিত হিসাব অবরুদ্ধকরণ অথবা স্থগিতাদেশ প্রত্যাহার পরিপালন করা।

৬. FATCA (Foreign Account Tax Compliance Act) বিষয়ক যাবতীয় Compliance সম্পাদন এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন IRS কে প্রেরণ করা।

**পরিদর্শন ও মানোন্নয়ন সংক্রান্ত**

১. শাখাসমূহের AML ও CFT বিষয়ে রেটিং উন্নয়নের জন্য শাখা পরিদর্শন ও On the job প্রশিক্ষণ প্রদান করা।

২. বাণিজ্যভিত্তিক মানিলন্ডারিং প্রতিরোধে AD শাখাসমূহ পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুতপূর্বক ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করা।

৩. শাখাসমূহের সাথে নিয়মিত টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন বিষয়ে সচেতনতা বৃদ্ধি, শাখায় উদ্ভূত বিভিন্ন সমস্যার সমাধান এবং শাখা ব্যবস্থাপকসহ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ এর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাকে সংক্ষিপ্ত সময়ে টেলিফোনিক প্রশিক্ষণ প্রদান করা।

৪. হিসাব খোলা সংক্রান্ত বিষয়সমূহ (KYC, TP, Risk Grading, Source of Fund of a Client, Beneficial Owner of an Account, PEPs, IPs, Supporting Documents of an Account, Execution of Customer Acceptance Policy) পর্যবেক্ষণ ও যথাযথ বাস্তবায়নে দায়িত্ব পালন করা।

*(চলমান পাতা-২)*

**Correspondent ব্যাংক সংক্রান্ত**

১. AML ও CFT বিষয়ে Correspondent ব্যাংক সমূহের প্রতিনিধিদের সাথে টেলিকনফারেন্স ও সরাসরি মিটিং করা।
২. চাহিদা মোতাবেক ব্যাংকের কমপ্লায়েন্স অবস্থা Correspondent ব্যাংকসমূহকে অবহিত করা।
৩. Correspondent ব্যাংক সমূহের AML ও CFT সংক্রান্ত প্রশ্নমালার উত্তর প্রস্তুত ও প্রেরণ করা।

**Sanction Screening সংক্রান্ত**

১. UN, OFAC এবং বাংলাদেশ সরকার কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যক্তি/গোষ্ঠীর তালিকা সংরক্ষণ করা
২. SWIFT এর ইনওয়ার্ড এবং আউটওয়ার্ড রেমিটেন্সের Sanction Screening বাস্তবায়ন করা।
৩. শাখা পর্যায়ে হিসাব খোলা, বিদ্যমান হিসাব, ভাসমান গ্রাহক এবং আমদানী ও রপ্তানী সংক্রান্ত লেনেদেনসহ সকল লেনদেনের ক্ষেত্রে Sanction Screening কার্যক্রম মনিটর করা।
৪. ও শাখা কর্তৃক গ্রাহক নির্বাচন ও লেনদেনের সময় উক্ত তালিকাসমূহ যাচাইয়ের (Sanction Screening) False Positive রিপোর্ট মনিটর করা।
৫. কেন্দ্রীয়ভাবে Sanction Screening Procedure মনিটর করা।

**অন্যান্য**

বিএফআইইউ এবং অত্র ব্যাংকের কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য যেকোন কার্যাদি সম্পাদন করা।

Morjina Khatun
SPO
Janata Bank Limited
GBD (AML Section)
Head Office, Dhaka.

Most. Altafun Nessa
AGM & DCAMLCO
General Banking Dept. (AML)
Janata Bank Limited
Head Office, Dhaka.

পরিশিষ্ট- 'খ'

(ক) গ্রেড- ২ শাখা হতে গ্রেড -১ শাখায় উন্নীত শাখার তালিকা:

| ক্রঃ | শাখার নাম | বর্তমান গ্রেড | নতুন গ্রেড |
|---|---|---|---|
| ১ | বাঁকড়া শাখা, যশোর | গ্রেড -২ | গ্রেড -১ |
| ২ | পোড়াবাড়ী বাজার, গাজীপুর | গ্রেড -২ | গ্রেড -১ |
| ৩ | চিরিরবন্দর শাখা, দিনাজপুর | গ্রেড -২ | গ্রেড -১ |
| ৪ | জীবননগর শাখা, চুয়াডাঙ্গা | গ্রেড -২ | গ্রেড -১ |
| ৫ | বাতাকান্দী শাখা, কুমিল্লা | গ্রেড-২ | গ্রেড-১ |
| ৬ | রামকৃষ্ণপুর শাখা, কুমিল্লা | গ্রেড-২ | গ্রেড-১ |
| ৭ | রাণীশংকৈল শাখা, ঠাকুরগাঁও | গ্রেড -২ | গ্রেড -১ |
| ৮ | রহনপুর শাখা, চাঁপাইনবাবগঞ্জ | গ্রেড - ২ | গ্রেড -১ |
| ৯ | কোটালীপাড়া শাখা, গোপালগঞ্জ | গ্রেড -২ | গ্রেড -১ |

(খ) গ্রেড- ৩ শাখা হতে গ্রেড - ২ শাখায় উন্নীত শাখার তালিকা:

| ক্রঃ | শাখার নাম | বর্তমান গ্রেড | নতুন গ্রেড |
|---|---|---|---|
| ১ | বাকেরগঞ্জ শাখা, বরিশাল | গ্রেড - ৩ | গ্রেড - ২ |
| ২ | গংগাচড়া শাখা, রংপুর | গ্রেড - ৩ | গ্রেড - ২ |
| ৩ | বলরামপুর শাখা, ঠাকুরগাঁও | গ্রেড - ৩ | গ্রেড - ২ |
| ৪ | আটোয়ারী শাখা, পঞ্চগড় | গ্রেড -৩ | গ্রেড -২ |
| ৫ | দিগড় শাখা, টাঙ্গাইল | গ্রেড - ৩ | গ্রেড - ২ |
| ৬ | ঝিনাইগাতী শাখা, শেরপুর | গ্রেড - ৩ | গ্রেড - ২ |
| ৭ | স্টেশন বাজার শাখা, ঠাকুরগাঁও | গ্রেড -৩ | গ্রেড -২ |
| ৮ | বান্দাইখাড়া শাখা, নওগাঁ | গ্রেড - ৩ | গ্রেড - ২ |
| ৯ | জকিগঞ্জ শাখা, সিলেট | গ্রেড - ৩ | গ্রেড - ২ |
| ১০ | রাণীরহাট শাখা, বগুড়া | গ্রেড - ৩ | গ্রেড - ২ |

(গ) গ্রেড- ৪ শাখা হতে গ্রেড - ৩ শাখায় উন্নীত শাখার তালিকা:

| ক্রঃ | শাখার নাম | বর্তমান গ্রেড | নতুন গ্রেড |
|---|---|---|---|
| ১ | শুয়াগঞ্জ বাজার শাখা, কুমিল্লা | গ্রেড - ৪ | গ্রেড - ৩ |
| ২ | মীরগঞ্জ বাজার শাখা, গাইবান্ধা | গ্রেড - ৪ | গ্রেড - ৩ |
| ৩ | ভাটইবাজার শাখা, ঝিনাইদাহ | গ্রেড - ৪ | গ্রেড - ৩ |
| ৪ | সুবিদখালী শাখা, পটুয়াখালী | গ্রেড - ৪ | গ্রেড - ৩ |
| ৫ | রাজাপুর শাখা, মাগুরা | গ্রেড - ৪ | গ্রেড - ৩ |
| ৬ | পেশকারহাট শাখা, নোয়াখালী | গ্রেড - ৪ | গ্রেড - ৩ |
| ৭ | যমুনা ফিউচার পার্ক, ঢাকা | গ্রেড - ৪ | গ্রেড - ৩ |
| ৮ | বুল্লাবাজার শাখা, হবিগঞ্জ | গ্রেড - ৪ | গ্রেড - ৩ |

মোঃ আঃ হান্নান মোল্যা
সহকারী মহাব্যবস্থাপক

মোস্তফা ছাইফুল হক
উপ-মহাব্যবস্থাপক